

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

'বিসমিল্লাহ' নীরবে বলার ছহীহ হাদীছ

'বিসমিল্লাহ' নীরবে বলার ছহীহ হাদীছ:

عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ رَضِي الله عَنْهُمَا كَانُوْا يَفْتَتِحُوْنَ الصَّلَاةَ بِالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِيْنَ. আনাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ), আবুবকর ও ওমর (রাঃ) 'আল-হামদু লিল্লা-হি রাবিবল 'আলামীন' দ্বারা ছালাত শুরু করতেন।[1]

عَنْ أَنَسِ بْنِ مَالِكِ قَالَ صَلَّيْتُ خَلْفَ النَّبِيِّ وَأَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ فَكَانُوْا يَسْتَفْتِحُوْنَ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) لاَ يَذْكُرُوْنَ بِسْم اللهِ الرَّحْمَن الرَّحِيْم فِيْ أَوَّلِ قِرَاءَةٍ وَلاَ فِيْ آخِرِهَا.

আনাস (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ), আবুবকর, ওমর ও ওছমান (রাঃ)-এর পিছনে ছালাত আদায় করেছি। তারা 'আল-হামদু লিল্লা-হি রাবিবল 'আলামীন' দ্বারা ছালাত শুরু করতেন। ক্রিরাআতের প্রথমে বা শুরুতে 'বিসমিল্লা-হির রহমা-নির রহীম' উল্লেখ করতেন না।[2]

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/৭৪৩; মিশকাত হা/৮২৩।
- [2]. ছহীহ মুসলিম হা/৯১৪, 'ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-১৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1918

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন